গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
আইন-২ শাখা

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.০২১.০০৪.০১.০০.৩১৭.২০১২- ৪৮৭ তারিখঃ ২৬/৮/২০১৮ খ্রিঃ।

বিষয় ঃবাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রিট পিটিশন নং-১০০৬৮/২০১২ মামলার গত ৩০/৭/২০১৩খ্রিঃ তারিখের রায় হতে উদ্ভুত কনটেম্পট পিটিশন নং-৬২/২০১৮ এর গত ৩/৭/২০১৮ তারিখের আদেশ প্রসঙ্গে।

সূত্রঃ (১) আইন-২ শাখার স্মারক নং-৪৬.০২১.০০৪.০১.০০.৩১৭.২০১২-৩৪৭, তারিখঃ ২৮/৬/২০১৮ খ্রিঃ;
(২) সহকারী রেজিষ্ট্রার, হাইকোর্ট বিভাগের গত ৭/৮/২০১৮ তারিখে স্বাক্ষরিত আদেশ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের আওতায় চাকুরি রাজস্বখাতে আত্মীকরণের জন্য ০৩(তিন) জন কর্মচারী পিটিশনার হয়ে বাংলাদেশ সুপ্রীমকোর্টের হাইকোর্ট বিভাগে ১০০৬৮/২০১২নং রিট পিটিশন দায়ের করেন। উক্ত রিট পিটিশনে গত ৩০/৭/২০১৩ তারিখের রায়ে পিটিশনারদের চাকুরি রাজস্বখাতে আত্মীকরণের জন্য রেসপন্ডেন্টগণকে নির্দেশনা প্রদান করা হয়। সে মোতাবেক পিটিশনারদের চাকুরি রাজস্বখাতে আত্মীকরণ করা হয়েছে। কিন্তু পিটিশনারদের চাকুরির ধারবাহিকতাসহ অন্যান্য সুবিধাদি প্রদানের জন্য তাঁরা উকিল নোটিশ প্রদান করেছেন। পিটিশনারদের নিয়োগকারী কর্তৃপক্ষ প্রধান প্রকৌশলী, ডিপিএইচই। এক্ষেত্রে ডিপিএইচ'র বক্তব্যের প্রেক্ষিতে পিটিশনারদের চাকুরির ধারাবাহিকতা রক্ষাসহ তাঁদের বকেয়া বেতন ভাতাদি পরিশোধের বিষয়ে বিজ্ঞ প্যানেল আইনজীবী হিসেবে তাঁর মতামত গ্রহন করা হয়। উক্ত মতামতে তিনি উল্লেখ করেছেন "আপীল বিভাগের রায়ের আলোকে রিট পিটিশনারদের চাকুরির ধারাবাহিকতা ও অন্যান্য সুবিধাদি প্রদানের জন্য হাইকোর্ট বিভাগের নির্দেশনার কার্যকারিতা আর নেই"। ইতোমধ্যে উক্ত কনটেম্পট পিটিশনের রুল ও আরজির দফাওয়ারী জবাব ও আনুষঙ্গিক কাগজপত্র পরবর্তী কার্যার্থে সূত্রোক্ত ১নং স্মারকে তাঁর বরাবরে প্রেরণ করা হয়েছে। উল্লেখ্য, বর্ণিত কনটেম্পট পিটিশনের গত ৩/৭/২০১৮ তারিখের আদেশমূলে এ বিভাগের সিনিয়র সচিব মহোদয়কে ৫নং কনটেম্পটনার-রেসপন্ডেন্ট হিসেবে অর্ন্তভুক্ত করা হয়েছে এবং বিষয়টি সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য এ বিভাগে প্রেরণ করা হয়েছে।

২। এমতাবস্থায়, বাংলাদেশ সুপ্রীমকোর্টের হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রিট পিটিশন নং-১০০৬৮/২০১২ মামলার গত ৩০/৭/২০১৩খ্রিঃ তারিখের রায় হতে উদ্ভুত কনটেম্পট পিটিশন নং-৬২/২০১৮ এর গত ৩/৭/২০১৮ তারিখের আদেশের কপি প্রেরণপূর্বক মামলাটি নিস্পত্তির বিষয়ে কি ব্যবস্থা গ্রহন করা হয়েছে তা জরুরি ভিত্তিতে এ বিভাগের আইন-২ শাখাকে অবহিত করার জন্য নিযুক্ত বিজ্ঞ প্যানেল আইনজীবী হিসেবে নির্দেশক্রমে তাঁকে অনুরোধ করা হলো।

৩। বিষয়টি অতিব জরুরি।

সংযুক্তঃ বর্ণনামতে ১(এক) ফর্দ।

২৬.৮.১৮
(মুহাম্মদ আনোয়ার পাশা)
উপসচিব
ফোনঃ ৯৫৪০১৯৭

জনাব মোঃ আশরাফুল আলম
বিজ্ঞ প্যানেল আইনজীবী
স্থানীয় সরকার বিভাগ।

সদয় অবগতির জন্য অনুলিপিঃ

১। সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
২। যুগ্মসচিব (পাস), স্থানীয় সরকার বিভাগ;
৩। প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কাকরাইল, ঢাকা;
৪। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
৫। অফিস/মাষ্টার কপি।